

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
উন্নয়ন শাখা-১  
উন্নয়ন উইং

নং-৫২.০০৮.০১৪.০১.০১.৬৭৭.২০১১- ১৬৩

০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ  
তারিখঃ -----  
১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ শুমারি ও জরিপ কার্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে স্থায়ীভাবে ইউনিয়ন শুমারি/জরিপ কমিটি গঠন।

সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics - NSDS) এর বিধান অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বিভিন্ন সময়ে শুমারি ও জরিপ কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত স্থায়ীভাবে ইউনিয়ন শুমারি/জরিপ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলোঃ

ইউনিয়ন শুমারি/জরিপ কমিটি


ক্রমিক	কমিটির বিবরণ	কমিটিতে পদবী
০১	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	সভাপতি
০২	স্থানীয় মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) ১ জন	সদস্য
০৩	স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) ১ জন	সদস্য
০৪	হেডম্যান (পার্বত্য জেলাসমূহের ক্ষেত্রে)	সদস্য
০৫	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা	সদস্য
০৬	ইউনিয়ন পরিষদের সকল সদস্য (পুরুষ ও মহিলা)	সদস্য
০৭	উপ-সহকারি কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
০৮	ইউনিয়ন পরিষদের সচিব	সদস্য
০৯	পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
১০	সভাপতি/সাধারণ সম্পাদক, বাজার কমিটি (প্রয়োজ্য ক্ষেত্রে)	সদস্য
১১	জোনাল অফিসার/প্রতিনিধি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)	সদস্য-সচিব

ইউনিয়ন শুমারি/জরিপ কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- ১) শুমারি/জরিপ কার্যের জন্য স্থানীয়, শিক্ষিত বেকারদের মধ্য হতে সুপারভাইজার ও গণনাকারী/তথ্যসংগ্রহকারী বাছাইয়ে জোনাল অফিসারগণকে প্রয়োজনীয় সহযোগিতা করা;
- ২) গণনাকারী/তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণের প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- ৩) শুমারি/জরিপ তদারকির নিমিত্ত মনিটরিং টিম গঠনসহ বিভিন্ন দায়িত্ব পালন;
- ৪) ইউনিয়নের সর্বস্তরে সকল মাধ্যমে শুমারি/জরিপের প্রচারের বিষয়ে ব্যবস্থা করা।

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হলো।

  
(মোঃ আমিনুল বর চৌধুরী)  
যুগ্ম-সচিব (উন্নয়ন)  
☎ ৮১৮১৩০৯

০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ

তারিখঃ -----  
১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

নং-৫২.০০৮.০১৪.০১.০১.৬৭৭.২০১১-১৬৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/ শিক্ষা মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ বাণিজ্য মন্ত্রণালয়/পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (তঁার অধীনস্থ সকল দপ্তরকে অবগত করার বিনীত অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সকল) ..... (তিনি গঠিত ইউনিয়ন কমিটি অনুসারে সকলকে অবগত করবেন)।

  
খেনচান

সিনিয়র সহকারী সচিব  
☎ ৮১৮১৪৪৩, এক্সঃ ২০৯৮

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। অফিস কপি।